সংবাদ

তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা ৫ কলাম ৫

### আমতলীতে নাচনাপাড়া সর. প্রা. বিদ্যালয়

# সরকারি বই বিক্রির সময় ভারপ্রাপ্ত প্রধান আটক

প্রতিনিধি, আমতলী

বরগুনার আমতলী উপজেলার ৫৩নং ছোট নাচনাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শামসুর নাহার লিমা বই বিক্রির সময় সহকারী শিক্ষকের হাতে ধরা পড়েছে। এ বই আমতলী শিক্ষা অফিস জব্দ করেছে।

জানা গেছে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে জানুয়ারি মাসে বই বিতরণের জন্য সরবরাহ করা হয়। ওই বিদ্যালয়ের গুদামে সংরক্ষিত বই থেকে বুধবার সকালে বিভিন্ন শ্রেণীর ২৬ কেজি বিক্রি করে বস্তা ভর্তি করে একটি ভ্যান গাড়িতে তুলছিল। এ সময় বিদ্যালয়ের তিন শিক্ষক মনিরা আক্তার, সনিয়া আক্তার ও তানজিলা আক্তার এতে বাধা দেয়। অবস্থা বেগতিক দেখে ভ্যান চালক গাড়ি ফেলে পালিয়ে যায়। এ ঘটনা তাৎক্ষণিক শিক্ষকরা উপজেলা শিক্ষা অফিসার মো. জাহিদুল ইসলামকে জানায়। পরে সহকারী শিক্ষা অফিসার ফাতেমা বেগমকে ঘটনাস্থল পরিদর্শন করে বস্তা ভর্তি বই জব্দ করেছে।

শিক্ষিকা মনিরা আক্তার জানান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শামসুর নাহার বিদ্যালয় থেকে অবৈধভাবে বই বিক্রি করে ভ্যান গাড়িতে তুলছিল। এ সময় আমরা বাধা দিলে ভ্যান চালক গাড়ি রখে পালিয়ে যায়।

অভিযুক্ত প্রধান শিক্ষক শামসুর নাহার লিমা জানান আমি কোন বই বিক্রি করিনি। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হয়েছে।

উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার ফাতেমা বেগম বলেন আমি ঘটনাস্থল থেকে এক বস্তা বই জব্দ করেছি।

আমতলী প্রাথমিক ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার জাহিদুল ইসলাম বলেন ঘটনাস্থল পরিদর্শন করেছি। বই জব্দ করা হয়েছে। তদন্ত চলছে। অপরধ প্রমান হলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।